

এবার এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন নিয়ে নতুন যে বার্তা দিলেন মাউশি

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ২৩:৫১, ১ অক্টোবর ২০২৫; আপডেট: ২৩:৫৮, ১
অক্টোবর ২০২৫



এমপিও

বেসরকারি স্কুল-কলেজে কর্মরত প্রায় পৌনে ৪ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আগামী সপ্তাহের মাঝামাঝি সেপ্টেম্বর মাসের বেতন-ভাতা পাবেন।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (ইএমআইএস) সেলের একজন কর্মকর্তা জানিয়েছেন, দুর্গাপূজার ছুটির কারণে অফিস কার্যক্রম সাময়িকভাবে বন্ধ থাকায় চলতি সপ্তাহে বেতন কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয়নি। “আগামী সোমবার (৬ অক্টোবর) অথবা মঙ্গলবার (৭ অক্টোবর) শিক্ষক-কর্মচারীরা তাদের বেতন-ভাতা পাবেন,” তিনি বলেন।

এর আগে ২৮ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে সেপ্টেম্বর মাসের বেতন প্রস্তাব পাঠানো হয়। বর্তমানে মোট ৩ লাখ ৭৪ হাজার ৭৫২ জন

শিক্ষক-কর্মচারী রয়েছেন। এর মধ্যে স্কুলে রয়েছেন ২ লাখ ৮৯ হাজার ২০০ জন এবং কলেজে ৮৬ হাজার ১৭৭ জন।

মাউশি সূত্রে জানা গেছে, সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীরা আগামী সপ্তাহেই তাদের বেতন-ভাতা ব্যাংকের মাধ্যমে হাতে পাবেন।